গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নেত্রকোণা সদর, নেত্রকোণা
www.netrokonasadar.netrokona.gov.bd

বিষয় : নভেম্বর/২০২৫ মাসের আইন শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী
সভাপতি : জনাব আসমা বিনতে রফিক, উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি।
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, নেত্রকোণা সদর, নেত্রকোণা
সভার তারিখ : ২০.১১.২০২৫ খ্রি.
সময় : সকাল: ১০.৩০ টা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর : হাজিরা খাতায় সংরক্ষিত

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোনো প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভাপতি কর্তৃক আইন-শৃঙ্খলা কমিটির সকল সদস্যকে প্রতিটি সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। পরবর্তীতে উপজেলার সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতির উপর আলোচনার জন্য সকলের প্রতি অনুরোধ জানানো হয়। অতঃপর উপজেলার সার্বিক আইন শৃঙ্খলার উপর আলোচনাক্রমে নিম্নবর্ণিত সর্বসম্মত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

<table>
<tr><th>ক্র. নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>১.</td><td>সভাপতি আলোচনার শুরুতেই সকলকে ধন্যবাদ জানান। তিনি বলেন যে, নেত্রকোণা সদর উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি ভাল অবস্থায় আছে। এখানে গত মাসে বড় ধরনের কোনো দুর্ঘটনা ঘটেনি। তবুও তিনি আইন শৃঙ্খলার সার্বিক বিষয়াদি বিশ্লেষণের জন্য অফিসার ইনচার্জ নেত্রকোণা সদর মডেল থানাকে অনুরোধ জানান। অফিসার ইন-চার্জ, নেত্রকোণা সদর মডেল থানা জানান অক্টোবর/২০২৫ মাসে নেত্রকোণা মডেল থানায় নিম্নরূপ মামলা দায়ের করা হয়েছে :
<table>
<tr><th>সিঁধেল চুরি/ চুরি</th><th>নারী ও শিশু নির্যাতন</th><th>দস্যুতা</th><th>চোরা চালান</th><th>মাদক</th><th>ধর্ষণ</th><th>সড়ক দুর্ঘটনা</th><th>অন্যান্য</th><th>মোট</th></tr>
<tr><td>২</td><td>৪</td><td>১</td><td>৪</td><td>১৪</td><td>৪</td><td>১</td><td>১৯</td><td>৪৯</td></tr>
</table>
তিনি জুয়া, মাদক, চুরি ও সামাজিকভাবে আইন-শৃঙ্খলার অবনতি হয় এমন বিষয়ে তথ্য দিয়ে পুলিশকে সহযোগিতা করার জন্য সকলকে অনুরোধ জানান। তিনি আরও জানান যে, বিভিন্ন প্রকার অপরাধ রোধে পুলিশি টহল ও বিট পুলিশিং কার্যক্রম জোরদার করা হয়েছে। তিনি আরও জানান যে, সম্প্রতি মনাং সরকারি প্রাথমিক বিদ্যালয় ও সাজিউড়া মফিলা ফয়েজ আদর্শ উচ্চ বিদ্যালয় দুর্বৃত্তদের দেওয়া আগুনে অনেক ক্ষতিগ্রস্ত হয়েছে। এতে পুলিশি নজরদারী বৃদ্ধি করা হয়েছে। সারা দেশের তুলনায় নেত্রকোণা সদর উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল রয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন।<br>সভাপতি জুয়া, মাদক, চুরি ও অন্যান্য অপরাধ রোধে ওয়ার্ড পর্যায়ে স্বেচ্ছাসেবক কমিটি গঠন করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এছাড়াও সভাপতি এলাকার চিহ্নিত চোরদের তথ্য থানায় দেওয়ার জন্য সকলকে অনুরোধ জানান।</td><td>(ক) পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করতে হবে।<br>(খ) চিহ্নিত মাদকসেবী ও মাদক কারবারীদের আইনের আওতায় নিয়ে আসতে হবে।</td><td>অফিসার ইনচার্জ, নেত্রকোণা সদর মডেল থানা।</td></tr>
<tr><td>২.</td><td>প্রশাসক, লক্ষীগঞ্জ ইউপি সভায় জানান যে, লক্ষীগঞ্জ ইউনিয়নের বাইশদার সুইচগেইটের পানি আটকিয়ে একটি গ্রুপ মাছ ধরতে চায় এবং অন্য একটি গ্রুপ পানি ছেড়ে দিতে চায়। এতে এলাকায় উত্তেজনা বৃদ্ধি পাচ্ছে। এ বিষয়ে উপজেলা প্রশাসন ও আইনশৃঙ্খলা বাহিনীর সহযোগিতা কামনা করেন।</td><td>পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করতে হবে।</td><td>অফিসার ইনচার্জ নেত্রকোণা সদর মডেল থানা।</td></tr>
<tr><td>৩.</td><td>প্যানেল চেয়ারম্যান, কেগাতী ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, তার ইউনিয়নের আইন শৃঙ্খলা পরিস্থিতি ভাল অবস্থায় রয়েছে। তিনি আরও জানান যে, বাশাটি মিলন উচ্চ বিদ্যালয়ের সামনে সরকারি রাস্তায় অবৈধভাবে ঘর তুলছে। এ বিষয়ে নজরদারি বৃদ্ধির অনুরোধ জানান। তিনি তার ইউনিয়নের সার্বিক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।</td><td>পুলিশি টহল ও বিট পুলিশিং কার্যক্রম জোরদার করতে হবে।</td><td>অফিসার ইনচার্জ নেত্রকোণা সদর মডেল থানা।</td></tr>
<tr><td>৪.</td><td>ব্যবস্থাপক, স্বাবলম্বী উন্নয়ন সমিতি, নেত্রকোণা সভায় জানান যে, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে যৌন হয়রানি সংক্রান্ত সচেতনতামূলক সভা করা হচ্ছে। এতে শিক্ষার্থী ও অভিভাবকদের মাঝে সচেতনতা বৃদ্ধি পাচ্ছে মর্মে সভায় জানান। তিনি সকলের সহযোগিতা কামনা করেন।</td><td>সকল শিক্ষা প্রতিষ্ঠানে যৌন হয়রানি সংক্রান্ত সচেতনতামূলক সভা বৃদ্ধি করতে হবে।</td><td>অফিসার ইনচার্জ নেত্রকোণা সদর মডেল থানা।</td></tr>
<tr><td>৫.</td><td>চেয়ারম্যান, রৌহা ইউপি জানান, তার ইউনিয়নে আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল। উপজেলা প্রশাসন ও অফিসার ইনচার্জের সহযোগিতার কারণে আইনশৃঙ্খলা পরিস্থিতি অনেক ভালো রয়েছে। তার ইউনিয়নের সার্বিক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।</td><td>পুলিশি টহল ও নিরাপত্তা জোরদার করতে হবে।</td><td>অফিসার ইনচার্জ নেত্রকোণা সদর মডেল থানা।</td></tr>
<tr><td>৬.</td><td>চেয়ারম্যান, কাইলাটি ইউপি জানান যে, তার ইউনিয়নে আইনশৃঙ্খলা পরিস্থিতি ভাল</td><td>সিএনজি স্ট্যান্ডে পুলিশি</td><td>অফিসার ইনচার্জ</td></tr>
</table>

<table>
<tr><th>ক্র. নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td>রয়েছে। জুয়ার প্রভাবও এখন অনেক কম রয়েছে। তিনি আরও জানান যে, নেত্রকোণা-কেন্দুয়া রোডে সিএনজির বেপরোয়া গতির কারণে দিন দিন দুর্ঘটনা বৃদ্ধি পাচ্ছে। এ বিষয়ে উপজেলা প্রশাসন ও পুলিশ বাহিনীর নজরদারি বৃদ্ধির অনুরোধ জানান।</td><td>টহল ও নজরদারি বৃদ্ধির করতে হবে</td><td>নেত্রকোণা সদর মডেল থানা।</td></tr>
<tr><td>৭.</td><td>উপজেলা কো-অর্ডিনেটর, গ্রাম আদালত, নেত্রকোণা জানান যে, নেত্রকোণা জেলায় গ্রাম আদালতের সুফল সম্পর্কে সাধারণ জনগণ অবগত নয়। তিনি গ্রাম আদালতের আওতায় নিষ্পত্তিযোগ্য মামলা থানায় না নিয়ে সংশ্লিষ্ট ইউনিয়নের গ্রাম আদালতে প্রেরণ করার জন্য অফিসার ইনচার্জ, নেত্রকোণা সদর মডেল থানাকে অনুরোধ জানান। তিনি অক্টোবর/২০২৫ মাসের গ্রাম আদালতে দায়েরকৃত মামলার তথ্য নিম্নরূপভাবে উপস্থাপন করেন।
<table>
<tr><th>পূর্ববর্তী মাসের মামলার জের</th><th>বিবেচ্য মাসে দায়েরকৃত মামলার সংখ্যা</th><th>মোট মামলার সংখ্যা</th><th>নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা</th><th>অনিষ্পন্ন মামলার সংখ্যা</th></tr>
<tr><td>০৪</td><td>৪৪</td><td>৪৮</td><td>৪৫</td><td>০৩</td></tr>
</table></td><td>(ক) সকল ইউনিয়নে গ্রাম আদালত কার্যক্রম নিয়মিত চালু রাখতে হবে।<br>(খ) প্রতি মাসে সভায় গ্রাম আদালতে নিষ্পত্তিকৃত মামলার তথ্য উপস্থাপন করতে হবে।<br>(গ) হাটবাজার ও প্রকাশ্যে জনবহুল স্থানে গ্রাম আদালতের কার্যক্রম সম্পর্কে প্রচার-প্রচারণা করতে হবে।</td><td>চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)</td></tr>
<tr><td>৮.</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় বাল্যবিবাহ বন্ধে সকল ইউপি চেয়ারম্যানের সহযোগিতা কামনা করেন। তিনি আরও জানান যে, বাল্যবিবাহের কুফল ও নারী-শিশু নির্যাতন বন্ধে কিশোর কিশোরী ক্লাবে আলোচনা করা হয়।<br><br>উপজেলা নির্বাহী অফিসার জানান বাল্যবিবাহ বেড়ে গেছে। বাল্যবিবাহ বন্ধে নিয়মিত উঠান বৈঠক করতে হবে এবং স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীদের মধ্যে সচেতনতা বৃদ্ধি করতে হবে।</td><td>বাল্যবিবাহ বন্ধে প্রতিমাসে ইউনিয়ন পরিষদ/জনবহুল স্থানে কমপক্ষে ০২ টি সচেতনতামূলক উঠান বৈঠক করতে হবে।</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা</td></tr>
<tr><td>৯.</td><td>উপজেলা আনসার ভিডিপি অফিসার জানান যে, নেত্রকোণা সদর উপজেলায় ১২ টি ইউনিয়নে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের রেজিস্ট্রেশনের জন্য এভিএম সফটওয়্যারে এন্ট্রি করা হয়েছে। আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদেরকে এভিএম সফটওয়্যারে এন্ট্রিতে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সহযোগিতা করায় ধন্যবাদ জানান।</td><td>সকল কার্যক্রমে সহযোগিতা বৃদ্ধি করতে হবে।</td><td>সংশ্লিষ্ট সকল</td></tr>
<tr><td>১০.</td><td>সভাপতি জানান যে, গত ১৬ নভেম্বর ২০২৫ খ্রি. তারিখে মনাং সরকারি প্রাথমিক বিদ্যালয় ও সাজিউড়া মফিলা ফয়েজ আদর্শ উচ্চ বিদ্যালয়ে অগ্নিকাণ্ডের ঘটনায় তদন্ত কমিটি গঠন করা হয়েছে। মনাং সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শ্রেণি কার্যক্রম চালুর জন্য উপজেলা প্রশাসনের পক্ষ থেকে ৩ বান্ডিল টিন ও নগদ ২০,০০০/-(বিশ হাজার) টাকা সহযোগিতা প্রদান করা হয়েছে।</td><td>মনাং সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শ্রেণি কার্যক্রম চালু করতে হবে।</td><td>সংশ্লিষ্ট সকল</td></tr>
<tr><td>১১.</td><td>সভাপতি নদী থেকে অবৈধভাবে বালু উত্তোলন রোধে পুলিশী টহল বৃদ্ধিসহ নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার বিষয়ে আলোকপাত করেন। অবৈধ বালু উত্তোলন রোধে তিনি স্থানীয় জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।</td><td>বালু উত্তোলন বন্ধে পুলিশী টহল বৃদ্ধি, চেকপোস্ট স্থাপন এবং নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>সহকারী কমিশনার (ভূমি), অফিসার ইনচার্জ, নেত্রকোণা সদর মডেল থানা</td></tr>
</table>

সভাপতি ইউনিয়ন পর্যায়ে স্বেচ্ছাসেবক কমিটি গঠন করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তিনি মাদক, জুয়া, ষাঁড়ের লড়াই ও কারেন্ট জালের মাধ্যমে মাছ ধরার সংবাদ পাওয়া গেলে মোবাইল কোর্টের মাধ্যমে তা নিয়ন্ত্রণে আনার প্রত্যয় ব্যক্ত করেন। তিনি মাদক, ইভটিজিং ও কিশোর গ্যাং এর সাথে জড়িতদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জকে অনুরোধ জানান। এছাড়াও তিনি গ্রাম আদালত সক্রিয়করণের মাধ্যমে ইউনিয়নের বিভিন্ন সমস্যা সমাধানের উপর গুরুত্বারোপ করেন। তিনি ইউনিয়ন পর্যায়ে আইন-শৃঙ্খলা কমিটির সভা করে কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণের জন্য সকল ইউপি চেয়ারম্যান/প্রশাসকগণ-কে অনুরোধ জানান।

অতঃপর সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২০/১১/২৫
(আসমা বিনতে রফিক)
উপজেলা নির্বাহী অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি

CamScanner

স্মারক নম্বর : ০৫.৪৫.৭২৭৪.০০০.১৮.০০১.১৯- ১১০০

তারিখ: ০৫ অগ্রহায়ণ ১৪৩২
২০ নভেম্বর ২০২৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:
১. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, নেত্রকোণা।

অনুলিপি কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. সহকারী কমিশনার (ভূমি), নেত্রকোণা সদর, নেত্রকোণা।
২. অধ্যক্ষ/প্রধান শিক্ষক............................................কলেজ/উচ্চ বিদ্যালয়/মাদ্‌রাসা, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৩. উপজেলা ..........................................অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৪. অফিসার ইন-চার্জ, নেত্রকোণা সদর মডেল থানা, নেত্রকোণা।
৫. চেয়ারম্যান/প্রশাসক ..................................................., ইউনিয়ন পরিষদ (সকল), নেত্রকোণা সদর, নেত্রকোণা।

২০/১১/২৫
উপজেলা নির্বাহী অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা